

ভর্তি পরীক্ষার ফলাফল বিজ্ঞপ্তি

বিজ্ঞান, জীব ও ভূ-বিজ্ঞান, কৃষি ও প্রকৌশল অনুষদ-এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি./বি.ফার্ম.(সম্মান)/বি.এস-সি.এ-জি./ডি.ভি.এম./বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয় ভর্তি ওয়েবসাইট admission.ru.ac.bd-তে প্রকাশ করা হল।

ভর্তি বিজ্ঞপ্তিতে প্রকাশিত শর্তানুযায়ী MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে আসন সংখ্যার ১০ গুণ পরীক্ষার্থীর SAQ পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করা হয়েছে। এ জন্য নির্বাচিতদের সর্বনিম্ন নম্বর গ্রুপ ১: ২৮, গ্রুপ ২: ২৭ এবং গ্রুপ ৩: ৩১। SAQ ও MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সমষ্টির ভিত্তিতে ফলাফল প্রকাশ হল।

উত্তীর্ণ ভর্তিচ্ছুদের আগামী ১৫-১১-২০১৯ থেকে ২০-১১-২০১৯ এর মধ্যে অনলাইনে ভর্তির বিভাগের পছন্দক্রম পূরণ করতে হবে। কোন ভর্তিচ্ছু নির্ধারিত সময়ের মধ্যে পছন্দক্রম পূরণ করতে না পারলে সি-ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের কোন বিভাগে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

পছন্দক্রম পূরণ করার সময় কোন ভর্তিচ্ছু কোন বিভাগে ভর্তি হতে আদৌ আগ্রহী না হলে সেটি পছন্দক্রম থেকে বাদ রাখতে পারবে। তবে পছন্দক্রম প্রদানের পর তা অনুযায়ী কোন বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হলে সেই বিভাগে অবশ্যই ভর্তি হতে হবে, নতুবা সি-ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে সি-ইউনিটের কোন বিভাগে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রীয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে।

পছন্দক্রম পূরণকারী ভর্তিচ্ছুদের মধ্যে মেধাক্রম অনুসারে প্রথম নির্বাচন তালিকা ২৩.১১.১৯ তারিখ অপরাহ্নে বিশ্ববিদ্যালয় ভর্তি ওয়েবসাইট admission.ru.ac.bd-তে প্রকাশিত হবে। ১ম নির্বাচিত তালিকায় নির্বাচিতদের ২৫ নভেম্বর - ০১ ডিসেম্বর, ২০১৯ ভর্তি হতে হবে। এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচন করা হবে, যার সম্ভাব্য সময়সূচী যথাসময়ে প্রকাশ করা হবে।

যে সকল উত্তীর্ণ ভর্তিচ্ছু পরীক্ষার সময় শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তি হতে আগ্রহ প্রকাশ করে বৃত্ত পূরণ করেছে, তাদের ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত নোটিশ আগামী ১১.১১.১৯ তারিখ অপরাহ্নে প্রকাশ করা হবে। ব্যবহারিক পরীক্ষায় অনুপস্থিত পরীক্ষার্থী উক্ত বিভাগে ভর্তির কোন সুযোগ পাবে না, তবে অন্যান্য বিভাগগুলোতে ভর্তির সুযোগ বহাল থাকবে।

মুক্তিযোদ্ধা কোটা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ভর্তি সংক্রান্ত পরবর্তী কার্যক্রম ছাত্র উপদেষ্টা দপ্তর এবং শারীরিক প্রতিবন্ধী কোটার ভর্তি সংক্রান্ত পরবর্তী কার্যক্রম প্রধান চিকিৎসকের দপ্তর থেকে পরিচালিত হবে। এ বিষয়ে তাদের পক্ষ থেকে যথাসময়ে বিজ্ঞপ্তি প্রদান করা হবে। সি-ইউনিটে পোষ্য কোটার ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি ১১.১১.১৯ তারিখ অপরাহ্নে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৫টা) ইউনিট কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১-৭১১২৫৫, ০১৯১৪-৩২৭১৪২)। অনলাইন পছন্দক্রম ফর্ম পূরণ সংক্রান্ত কারিগরী সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৬ নভেম্বর, ২০১৯

(প্রফেসর ড. মো. একরামুল হামিদ)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি

ও

ডীন, প্রকৌশল অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়